

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৪০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৮. নির্ভরযোগ্য বর্ণনাকারী হতে হাদীস বর্ণনা প্রসঙ্গে

بَابٌ فِي الْحَدِيثِ عَنِ الثِّقَاتِ

## আরবী

440 ـ أخبرنا محمد بن أحمد ثنا سفيان عن هشام بن حجير عن طاوس قال جاء بشير بن كعب إلى بن عباس فجعل يحدثه فقال بن عباس أعد علي الحديث الأول قال له بشير ما أدري عرفت حديثي كله وأنكرت هذا أو عرفت هذا وأنكرت حديثي كله فقال بن عباس انا كنا نحدث عن رسول الله صلى الله عليه و سلم إذا لم يكن يكذب عليه فلما ركب الناس الصعب والذلول تركنا الحديث عنه إسناده قوي

## বাংলা

880. তাউস বলেন: বুশাইর ইবনু কা'ব ইবনু আব্বাসের নিকট এসে হাদীস বর্ণনা করা শুরু করে দিল। তখন ইবনু আব্বাস বললেন: আমাকে প্রথম হাদীসটি আবার শোনাও। বুশাইর তাকে বলল: আমি বুঝতে পারছি না আপনি আমার সকল হাদীস অবগত আছেন, তবে কেবল এটি প্রত্যাখ্যান করলেন; নাকি- এ হাদীসটি আপনি অবগত আছেন আর আমার বর্ণিত অন্যান্য সকল হাদীস প্রত্যাখ্যান করলেন।

তখন ইবনু আব্বাস বললেন: আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে হাদীস বর্ণনা করতাম, যখন তাঁর উপর মিথ্যারোপ করা হতো না। এরপর লোকদের উপর জটিলতা ও হীনতা চেপে বসলো, ফলে আমরা তাঁর (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে হাদীস বর্ণনা করা পরিত্যাগ করলাম।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ শক্তিশালী।

তাখরীজ: মুসলিম, মুকাদ্দমা ১/১২-১৩; আবু যুর'আহ, তারীখ নং ১৪৮৬; ইবনু আদী, আল কামিল ১/৬১-৬২; পরবর্তী হাদীসটি দেখুন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ তাউস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন